

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

Website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-২০

৩১ ভাদ্র ১৪২৬  
তারিখ : -----  
১৫ সেপ্টেম্বর ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

স্ব-স্ব প্রতিষ্ঠানের শান্তিপ্রাপ্ত কর্মকর্তাদের শান্তিমূলক ব্যবস্থার তথ্যাদি  
CMMS (Corporate Memory Management System)-এ  
সংরক্ষণ ও ব্যবহার প্রসঙ্গে।

মাননীয় প্রধানমন্ত্রীর দিক-নির্দেশনায় সুশাসন প্রতিষ্ঠায় সামগ্রিক উদ্যোগের সহায়ক কৌশল হিসেবে ২০১২ সালে 'সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল' প্রণয়ন করা হয়। ব্যাংকিং সেক্টরে কৌশলপত্রটি বাস্তবায়নের অংশ হিসেবে ২০১৫ সাল হতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রস্তুতকৃত সফটওয়্যার (CMMS - Corporate Memory Management System) -এ স্ব-স্ব প্রতিষ্ঠানের কর্মকর্তাদের শান্তিমূলক ব্যবস্থার তথ্যাদি সংরক্ষণ করা হয়। সফটওয়্যারটি ব্যবহার বিষয়ক ইতিপূর্বে প্রদত্ত সংশ্লিষ্ট নির্দেশনাসমূহ নিম্নোক্ত নির্দেশনা দ্বারা প্রতিস্থাপিত হবে :

(ক) আপনাদের প্রতিষ্ঠানের কোন কর্মকর্তাকে অর্থ আত্মসাৎ, দুর্নীতি, জাল-জালিয়াতি, নৈতিক স্বলনজনিত কারণে চূড়ান্তভাবে বরখাস্ত (Dismissal) করা হলে শুধুমাত্র তাদের তথ্যাদি (নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, পাসপোর্ট নম্বর, স্থায়ী ঠিকানা, চূড়ান্তভাবে বরখাস্তের তারিখ ও কারণ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক অথরাইজড কর্মকর্তার মাধ্যমে CMMS-এ এন্ট্রি প্রদান করতে হবে।

(খ) চূড়ান্তভাবে বরখাস্ত করার ০৩(তিন) কার্যদিবসের মধ্যে প্রযোজ্য তথ্যাদি এন্ট্রি প্রদান করে শান্তিমূলক ব্যবস্থাদির পক্ষে ডকুমেন্টস্-এর কপি বাংলাদেশ ব্যাংকের সচিব বিভাগে প্রেরণ করতে হবে।

(গ) আদালত বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক কোন কর্মকর্তার বর্ণিত শান্তি শিথিল বা মওকুফ করা হলে CMMS হতে উক্ত কর্মকর্তার তথ্যাদি Delete করার জন্য সংশ্লিষ্ট ডকুমেন্টস্-এর কপিসহ সচিব বিভাগকে ০৩(তিন) কার্যদিবসের মধ্যে অনুরোধ জানাতে হবে।

(ঘ) ইতিপূর্বে CMMS -এ এন্ট্রিকৃত তথ্যগুলো হতে অর্থ আত্মসাৎ, দুর্নীতি, জাল-জালিয়াতি, নৈতিক স্বলনজনিত কারণে চূড়ান্তভাবে বরখাস্তকৃত (Dismissed) কর্মকর্তাদের তথ্যাদি ব্যতীত অন্যান্য তথ্যসমূহ Delete করার জন্য একটি তালিকা প্রস্তুত করে পরবর্তী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সচিব বিভাগে প্রেরণ করতে হবে।

(ঙ) ব্যাংকিং সেক্টরে পূর্ব-অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তা নিয়োগ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট তথ্যাদি CMMS হতে আবশ্যিকভাবে যাচাই করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(মোঃ রেজাউল ইসলাম)  
মহাব্যবস্থাপক  
ফোনঃ ৯৫৩০২৫২